

State visit of Vice President of India to Senegal (1-3 June, 2022)

June 04, 2022

ভারতের উপরাষ্ট্রপতির সেনেগালে রাষ্ট্রীয় সফর (1 - 3 জুন 2022)

জুন 04, 2022

ত্রিদেশীয় সফরের অঙ্গ হিসেবে ভারতের সম্মানীয় উপরাষ্ট্রপতি (এইচভিপিআই) শ্রী এম বেক্বাইয়া নাইডু 1লা জুন থেকে 3রা জুন 2022 তারিখে তার সর্বপ্রথম উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক সরকারি সফরে 1লা জুন সেনেগালে এসে পৌঁছিয়েছেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ডঃ ভারতী প্রবীন পাওয়ার ও তিনজন সাংসদ যথাক্রমে শ্রী সুশীল কুমার মোদী (রাজ্যসভা), শ্রী বিজয় পাল সিং তোমর(রাজ্যসভা) এবং শ্রী পি রবীন্দ্রনাথ (লোকসভা) সহ একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল ভারতের সম্মানীয় উপরাষ্ট্রপতির সফরসঙ্গী হয়েছেন। এই সফর আফ্রিকার সাথে নিবিড় সম্পর্ক স্থাপনের আমাদের অঙ্গীকারকে সূচিত করে। উপরাষ্ট্রপতি পৌঁছোবার পরে সেনেগালের বিদেশমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী আইসসাটা টল সল তাকে উষ্ণ অভ্যর্থনা জানান।

2.প্রধান সরকারি ব্যস্ততার দিন ছিল 1লা জুন, সেইদিন এইচভিপিআই প্রেসিডেন্ট হিজ এক্সেলেন্সি মিস্টার ম্যাকে সল-এর সাথে একান্তে আলাপচারিতা করেন ও তারপরে প্রতিনিধি স্তরে আলাপচারিতা করেন, যিনি রাষ্ট্রপতি ভবনে এইচভিপিআই-কে উষ্ণ অভ্যর্থনা জানান। সেনেগালের প্রেসিডেন্ট আনন্দের সাথে 2015 এবং 2017 তে তার আগের ভারত সফরের কথা স্মরণ করেন। দুই নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বহুপাক্ষিক সমস্যাগুলি সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেন। উভয় নেতা সক্রিয় অর্থনৈতিক সম্পর্ক এবং নতুন ক্ষেত্রে সহযোগিতার, বিশেষ করে কৃষি, শক্তি, স্বাস্থ্য, রেলওয়ে, খনি, হাউজিং, তেল গ্যাস , ইত্যাদি বিষয় নিয়েও আলোচনা করেছেন। উভয় পক্ষ মুখ্য সেক্টর গুলিতে দক্ষতার বিকাশ/ প্রশিক্ষণ এবং ক্ষমতা নির্মাণে সহযোগিতার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন। উভয় পক্ষ তিনটি মৌ স্বাক্ষর করেছে যেমন ইয়ুথ অ্যাক্ফোরস, সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম(সিইপি) এবং কূটনৈতিক/আধিকারিকদের জন্য ভিসার সুবিধা প্রদান।

3.উপরাষ্ট্রপতি জাতীয় পরিষদের সভাপতি মাননীয় মুস্তাফা নিয়াসের সাথে একটি যৌথ বৈঠকও করেছেন, যেখানে সেনেগাল সংসদের কয়েকজন সদস্যও উপস্থিত ছিলেন। উভয়পক্ষ গণতান্ত্রিক মূল্যবোধ ও ঐতিহ্যকে তুলে ধরার জন্য নেতৃত্বকে প্রশংসিত করেছেন এবং নিয়মিত সংসদীয় আদানপ্রদানের জন্য সম্মত হয়েছেন। উপরাষ্ট্রপতি ভারতে সফরকরার জন্য জাতীয় সংসদের প্রেসিডেন্টকে আমন্ত্রণ জানিয়েছেন।

4.উপরাষ্ট্রপতি সেনেগালে সিআইআই দ্বারা আয়োজিত একটি বিজনেস ফোরামে ভাষণ দিয়েছেন যেখানে একটি অনুসন্ধানমূলক সফরে 15 সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। এইচভিপিআই সেনেগালে একটি ক্ষুদ্র অথচ প্রাণবন্ত ভারতীয় গোষ্ঠীর সাথেও আলাপচারিতা করেন। এইচভিপিআই দাকারে ইউনিভারসিটি চিখ অ্যান্টা ডিওপ(ইউসিএডি)-তে “তিরঙ্গা-তেরঙ্গা:ভারত ও সেনেগালের মধ্যে কূটনৈতিক সম্পর্কের 60 বছর” থিমের উপরে জনগণের উদ্দেশ্যে এক বক্তৃতায় ভাষণ দেন।

5. উভয়পক্ষ ইউএন এবং অন্যান্য আন্তর্জাতিক ফোরামে একে অপরের সদস্যপদকে পারস্পরিক সমর্থন করার জন্য প্রশংসা করেন। আমাদের অনুরোধে 7ই জুলাই 2022 তারিখে আইএফএডি-র নির্বাচনে প্রেসিডেন্ট পদের জন্য আমাদের প্রার্থীকে সমর্থন করার বিষয়টি বিবেচনা করার জন্য সেনেগালের নেতৃত্ব ইঙ্গিত দিয়েছেন।

6. সফরকালে উপরাষ্ট্রপতি ডাকারে ভারতের অনুদানে তৈরি উদ্যোগ বিকাশ এবং প্রযুক্তি কেন্দ্র (সিইডিটি)র ফেজ-II-র আধুনিকীকরণের কথা ঘোষণা করেছেন এবং সেনেগালের সরকারি কর্মচারীদের জন্য একটি বিশেষ আইটিইসি ইংরাজী দক্ষতা কোর্সের প্রস্তাবও দিয়েছেন ও সুসমা স্বরাজ ইন্সটিটিউট অব ফরন সার্ভিসে 15 জন সেনেগাল কূটনীতিকদের বিশেষ প্রশিক্ষণের কথাও ঘোষণা করেছেন।

7. সফরকালে, উপরাষ্ট্রপতি ব্ল্যাক সিভিলাইজেশনের রেনেসাঁ স্মৃতিস্তম্ভ ও মিউজিয়াম সহ কয়েকটি ঐতিহাসিক স্থান পরিদর্শন করেন। তিনি একটি আন্তর্জাতিক শিল্প প্রদর্শনী, ডাকার বিয়েনালে পরিদর্শন করেন, যেটি সমসাময়িক শিল্প ও কলাকে প্রদর্শন করে।

8. ভারত ও সেনেগাল একটি দৃঢ় অর্থনৈতিক সম্পর্ক এবং উন্নয়ন সহযোগিতাসহ গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার বন্ডিত অভিন্ন মূল্যবোধের উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উপভোগ করে। উপরাষ্ট্রপতির রাষ্ট্রীয় সফর যা, ভারত ও সেনেগাল উভয়ের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 60 তম বার্ষিকী উদযাপনের সময় সংঘটিত হয়েছে, উভয় জনগণের পারস্পরিক সম্পর্কের সুবিধার জন্য একত্র আরও গভীর করার প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে এবং পুনর্ব্যক্ত করে।

ডাকার

জুন 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.